

ফল বিপর্যয়কারী স্কুল ও কলেজের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার নির্দেশ

নিউজ মিডিয়া ৷ শিক্ষা মন্ত্রণালয় ১৯৯৬ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় যে সকল স্কুল ও কলেজ মারাত্মকভাবে ফল খারাপ করেছে তাদের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থার নিতে মাধ্যমিক উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালককে নির্দেশ দিয়েছে।

একটি নির্ভরযোগ্য সূত্র মতে জানা গেছে, ১৯৯৬ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় যে সকল বিদ্যালয়ে পাসের হার শূন্য অর্থাৎ কেউই পাস করেনি সেসব বিদ্যালয়ের বেতন ভার সরকারী অংশের ১০০% আগামী এক বছরের জন্য স্থগিত না করে পরবর্তী বছরের পরীক্ষার ফলাফলের ওপর ভিত্তি করে পরবর্তী সিদ্ধান্ত জানানো হবে। খারাপ ফলাফলকারী কলেজের বিরুদ্ধেও একই ব্যবস্থা নেয়া হবে।

এ ব্যাপারে বার্তা সংস্থা নিউজ মিডিয়ার পক্ষ হতে শিক্ষক সমিতির সভাপতি কাজী ফারুক আহমদকে প্রশ্ন করা হলে তিনি উক্ত সংবাদের সত্যতা স্বীকার করে সরকারের এ সিদ্ধান্ত প্রত্যাখ্যান করেন। তিনি বলেন, এ সিদ্ধান্ত হবে সরকারের পক্ষে সম্পূর্ণ আত্মঘাতী এবং শিক্ষকরা আন্দোলনের মাধ্যমে তা প্রতিহত করবে।

বিডি-১৩৩৩